



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১

তারিখঃ

২০ জুন ২০২২

০৬ আষাঢ় ১৪২৯

পর্যদ চেয়ারম্যান

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী নিয়োগ সংক্রান্ত নীতিমালা

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখঃ ২৫ মার্চ, ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুশাসন নিশ্চিতকরণ, আমানতকারীদের স্বার্থ সুরক্ষাসহ সার্বিক পরিস্থিতি বিবেচনায় স্বচ্ছতার সাথে দক্ষ, অভিজ্ঞ ও উপযুক্ত প্রধান নির্বাহী নিযুক্তির বিষয়টি নিশ্চিতকরণার্থে বিদ্যমান নীতিমালার ২ নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(২) অভিজ্ঞতা, উপযুক্ততা ও নির্বাচন প্রক্রিয়াঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্তির ক্ষেত্রে অভিজ্ঞতা, উপযুক্ততা ও নির্বাচন প্রক্রিয়া হবে নিম্নরূপঃ

(ক) কোন বাণিজ্যিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা প্রধান নির্বাহী পদের অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞ ব্যক্তি যার ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সক্রিয় কর্মকর্তা হিসেবে ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা রয়েছে; অথবা

স্থিতিপত্রের আকার ১,০০০ (এক হাজার) কোটি টাকার উর্ধ্বে নয় এমন আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপরোক্ত অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি বা রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মহাব্যবস্থাপক/তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা অথবা বেসরকারী বাণিজ্যিক ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (এসইভিপি)/সমতুল্য অথবা তদূর্ধ্ব পদমর্যাদার কোন কর্মকর্তা যার শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা রয়েছে।

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা পদে যোগ্য ব্যক্তিগণের প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বহুল প্রচারিত কমপক্ষে ০২টি বাংলা ও ০২টি ইংরেজি পত্রিকা এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে একজন স্বচ্ছ ইমেজের যোগ্য ব্যক্তিকে নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- (গ) প্রধান নির্বাহী পদের জন্য প্রাপ্ত আবেদনসমূহ থেকে যোগ্যতম প্রার্থীকে নিয়োগ প্রদানের লক্ষ্যে স্বচ্ছতার সাথে আবেদনপত্র মূল্যায়নের জন্য প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদিত একটি মূল্যায়ন প্রক্রিয়া থাকতে হবে ;
- (ঘ) প্রধান নির্বাহীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অর্থনীতি, ব্যাংকিং ও ফিন্যান্স কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর ডিগ্রী থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;
- (ঙ) কোনো কোম্পানীর চেয়ারম্যান/পরিচালক/কর্মকর্তা থাকাকালীন স্থায়ী পদ হতে বরখাস্তকৃত ব্যক্তি আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হিসেবে যোগ্য বিবেচিত হবেন না;
- (চ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন পরিচালক বা ঐ আর্থিক প্রতিষ্ঠানে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন ব্যক্তি প্রধান নির্বাহী পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮